আমঝুপিতে ইয়ুথ ফোরাম ও ডিবেট ক্লাবের পুনর্গঠন ও বার্ষিক পরিকল্পনা সভা

মেহেরপুরের আমঝুপিতে ইয়ুথ ফোরাম ও ডিবেট ক্লাবের পুনর্গঠন, ওরিয়েন্টেশন এবং বার্ষিক পরিকল্পনা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। গণ সাক্ষরতা অভিযানের সহায়তায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

সভায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আমঝুপি ইউনিয়নের সহ-সভাপতি আজগর আলী মাস্টার, আমদহ ইউনিয়নের সহ-সভাপতি মো. আনোয়ারুল ইসলাম এবং সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মো. আব্দুল আলিম।

সভায় বিগত সময়ে ডিবেট ক্লাব ও ইয়ুথ ফোরামের গৃহীত কর্মসূচির ফলাফল এবং আগামীর করণীয় বিষয়ে তথ্য উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। আলোচনায় বিদ্যালয় থেকে ঝরে পড়া রোধ, মাদক ও শিশুবিবাহ প্রতিরোধে যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নানা পদক্ষেপ তুলে ধরা হয় এবং একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।

উক্ত সভায় ডিবেট ক্লাব ও ইয়ুথ ফোরামের প্রায় ৫০ জন সদস্য উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, যুবদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা গেলে সমাজে সচেতনতা বৃদ্ধি পাবে এবং সামাজিক সমস্যা প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখা সম্ভব হবে।

[redacted]

[redacted]

[redacted]

বাজারের এক খেজুর বিক্রেতা আলী জানান, রমজান এলেই খেজুরের চাহিদা কয়েকগুণ বেড়ে যায়। আমরা চেষ্টা করছি ভালো মানের খেজুর সংগ্রহ করে ক্রেতাদের হাতে তুলে দিতে। কিছু আমদানিকৃত খেজুরের দাম বেশি হলেও স্থানীয় ও সাধারণ মানের খেজুর সাশ্রয়ী দামে রয়েছে।

অন্য এক দোকানি বলেন, মেডজুল ও আজওয়া খেজুরের চাহিদা সবচেয়ে বেশি। অনেকে আগেভাগেই কিনে রাখছেন যাতে রমজানে সংকট না হয়।

খেজুর কিনতে আসা বামন পাড়ার ফখরুল ক্রেতা জানান, রমজানে প্রতিদিন ইফতারে খেজুর লাগে। দাম কিছুটা বেশি মনে হলেও ধর্মীয় গুরুত্বের কারণে আমরা ভালো মানের খেজুরই কেনার চেষ্টা করি।

রমজানকে কেন্দ্র করে ইতোমধ্যেই মেহেরপুরের বাজারে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। ইফতারের প্রস্তুতিতে ব্যস্ত সময় পার করছেন ক্রেতা-বিক্রেতারা।

মুজিবনগরে গুড নেইবারসের উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান

মুজিবনগরে গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির অংশীদার স্কুল এবং স্থানীয় বাজারে পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়েছে।

মঙ্গলবার সকালে গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির উদ্যোগে এই পরিষ্কার পরিছন্ন অভিযান করা হয়, উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন অভিযানে প্রতিবেশি যুব সংঘের সদস্যরা বিশেষ ভাবে সহযোগিতা করে থাকেন, ৪০ জন যুবদের নিয়ে এই পরিষ্কার পরিছন্নটা অভিযান অনুষ্ঠিত হয়, যেখানে আমরা মুজিবনগর পর্যটন কেন্দ্র ও ভবরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গন পরিষ্কার করে । যার মূল উদ্দেশ্য ছিলো পরিবেশ রক্ষা করা, কার্বন ফুটপ্রিন্ট কমানো উক্ত অনুষ্ঠান প্রধান অতিথি ছিলেন উপজেলা সহকারি কমিশনার (ভুমি), বিশেষ অতিথি ছিলেন গুড

নেইবারস এর প্রজেক্ট ম্যানেজার, প্রোগ্রাম অফিসার, এবং যুব সংঘের সভাপতি এই অভিযানে নেতৃত্ব দেন ।

পুনাক শো-রুম পরিদর্শনে মেহেরপুরের পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়

পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক), মেহেরপুর শো-রুম সজ্জিতকরণের পর তা পরিদর্শন করেন মেহেরপুরের পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

পুনাক শো-রুম পরিদর্শনে এলে পুলিশ সুপারকে ফুলেল শুভেচ্ছা জানান পুনাক, মেহেরপুরের সভানেত্রী টুম্পা সরকার।

সভানেত্রী টুম্পা সরকার মেহেরপুর জেলায় দায়িত্ব গ্রহণের পর থেকেই শো-রুমের মালামাল ক্রয়-বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে আসছেন। তাঁর সার্বিক তত্ত্বাবধানে পুনাকের স্টলে বিভিন্ন কারুশৈলী পণ্য ও জিআই পণ্য বিশেষ করে শতরঞ্জিসহ নতুন নতুন সামগ্রী সংযোজন করা হয়েছে।

শো-রুমে প্রদর্শিত কারুশৈলী ও শতরঞ্জি পণ্য পরিদর্শন করে পুলিশ সুপারসহ উপস্থিত কর্মকর্তারা সন্তোষ প্রকাশ করেন এবং বিভিন্ন পণ্য ক্রয় করেন।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্), অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), মেহেরপুরসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং পুনাকের সহ-সভাপতি ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

রমজান উপলক্ষে মেহেরপুরে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে বিশেষ সভা

পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. সৈয়দ এনামুল কবির। সভায় উপস্থিত ছিলেন জেলার সিভিল সার্জন, উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা এবং জেলার বাজার কমিটির সভাপতি ও ব্যবসায়ী সমিতির সভাপতিগণ।

সভায় রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখা, বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করা এবং ভোক্তাদের স্বার্থ সুরক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রশাসক বাজারে অস্থিতিশীলতা ও কৃত্রিম সংকট রোধে সংশ্লিষ্টদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

একই দিনে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় কৃষকদের নিকট মানসম্মত সার ও বীজ সরবরাহ নিশ্চিতকরণ এবং বাজারে কৃত্রিম সংকট প্রতিরোধে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হয়।

এছাড়াও ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত সভা, জেলা এনজিও সমন্বয় সভা এবং টিসিবি’র জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

সংশ্লিষ্ট সকল সভায় জেলা প্রশাসনের সার্বিক তদারকি ও সমন্বয়ের মাধ্যমে জনস্বার্থ সংশ্লিষ্ট কার্যক্রম আরও বেগবান করার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, রমজান মাসে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখা ও কৃষি উপকরণের সুষ্ঠু সরবরাহ নিশ্চিত করতে নিয়মিত বাজার তদারকি কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরে জাতীয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ জেলা কমিটির দ্বিমাসিক সভা

জাতীয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ফোরাম মেহেরপুর জেলা কমিটির দ্বিমাসিক সমন্বয় সভা মঙ্গলবার বিকাল তিনটার দিকে মউকের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন জেলা কমিটির সভাপতি আব্দুর রহিম। স্বাগত বক্তব্য রাখেন জেলা কমিটির সদস্য সচিব ও মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

প্রকল্পের সার্বিক কার্যক্রম তুলে ধরে বক্তব্য রাখেন পারিবারিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা খাতুন। এছাড়াও বক্তব্য দেন কমিটির সহ-সভাপতি পলি খাতুন, সহ-সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম এবং কোষাধ্যক্ষ আব্দুর রশিদ।

সভায় মেহেরপুর জেলায় নারী ও শিশু নির্যাতনের বিভিন্ন তথ্য উপস্থাপন করা হয়। পাশাপাশি আইনগত দিক, প্রতিরোধমূলক ব্যবস্থা এবং করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভা শেষে কমিটির সদস্যরা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সমন্বিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

মেহেরপুরের আমঝুপিতে পারিবারিক

[redacted]

[redacted] (NIH) [redacted] ‘[redacted]’ [redacted]

‘[redacted] [redacted]’ [redacted]

[redacted], [redacted], [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

মেহেরপুর ক্লিনিকে রোগী মৃত্যুর ঘটনায় ৫ সদস্যর তদন্ত কমিটি গঠন

‘মেহেরপুর ক্লিনিক’ নামে একটি বেসরকারি হাসপাতালে জরায়ু টিউমার অপারেশ করতে গিয়ে নাসিমা খাতুন (৬০) এক নারীর মৃত্যু হয়েছে।

গত রবিবার রাত ৯টার দিকে ক্লিনিকের অপারেশন টেবিলেই রোগীর মৃত্যু হয়। নিহত নাসিমা খাতুন গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামের আব্দুল মজিদের স্ত্রী।

এ ঘটনায় নাসিমা খাতুনের স্বজনরা ক্ষুব্ধ হয়ে ক্লিনিকে হামলা চালিয়ে ক্লিনিক মালিক ডা. মিজানুর রহমান ও তাঁর ছেলে এনেসথেসিস্ট ডা. অভিকে বেদম মারধর করে। এর মধ্যে এনেসথেসিস্ট ডা. অভিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয় পরে নিরাপত্তার স্বার্থে তাকে অন্যত্র নেওয়া হয়েছে। এদিকে, এ ঘটনা জেলা স্বাস্থ্য বিভাগ ৫ সদস্যর তদন্ত কমিটি গঠণ করেছে।

জানা গেছে, গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামের আব্দুল মজিদের স্ত্রী নাসিমা খাতুনের জরায়ু টিউমারের অপারেশ করার জন্য মেহেরপুর ক্লিনিকের মালিক ডা. মিজানুর রহমানের সাথে ২৫ হাজার টাকায় চুক্তি করে তার ছেলে নাজমুল হুদা। চুক্তি মোতাবেক তার মাকে বিকালে মেহেরপুর ক্লিনিকে ভর্তি করে। ডাক্তারের কথা মত দুই ব্যাগ রক্ত সংগ্রহ করে দেয় এবং অগ্রিম ৬ হাজার টাকা প্রদান করে। রাত ৮টার দিকে নাসিমা খাতুনকে অপারেশন থিয়েটারে নেয় ক্লিনিকের স্টাফরা। সেখানে ডা. মিজানুর রহমান অপারেশ করেন এবং তাঁর ছেলে এনেসথেসিস্ট ডা. অভি সহযোগী হিসেবে ছিলেন। এর কিছুক্ষণ পর অপারেশ টেবিলেই রোগী মারা যায়। এ ঘটনায় রোগীর স্বজনরা ক্ষুব্ধ হয়ে চিকিৎসকের উপর হামলা চালায় । এতে এনেসথেসিস্ট ডা. অভি গুরতর আহত হয়। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে নিরাপত্তার স্বার্থে তাকে অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছে। খবর পেয়ে রোগীর লোকজন গ্রাম থেকে গিয়ে পুনরায় ক্লিনিকে হামলা চালানোর চেষ্টা

মেহেরপুরের আমঝুপিতে এডুকেশন ওয়াচ গ্রুপ পুনর্গঠন সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের বিদ্যালয় থেকে ঝরে পড়া রোধের দৃঢ় অঙ্গীকার নিয়ে মেহেরপুরের আমঝুপিতে অনুষ্ঠিত হলো ‘কমিউনিটি এডুকেশন ওয়াচ’ গ্রুপের পুনঃগঠন সভা। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় এবং মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে মউক এর হলরুমে এই অনুষ্ঠানটি পরিচালিত হয়।

আমঝুপি কমিউনিটি ওয়াচ গ্রুপের সাবেক সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমদহ ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন এবং বিশিষ্ট রাজনীতিবিদ ও শিক্ষক মোঃ রুহুল আমিন।

সভায় বক্তারা গ্রামীণ পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং তৃণমূল পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ করে করোনা মহামারির পরবর্তী সময়ে শিক্ষার্থীদের স্কুলবিমুখতা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে বক্তারা বলেন, এটি মোকাবিলায় পাড়ায় পাড়ায় সামাজিক নজরদারি ও তদারকি বাড়ানো অপরিহার্য।

বক্তারা আরও বলেন, “শিক্ষার মান উন্নয়নে শুধু সরকারি উদ্যোগ যথেষ্ট নয়, স্থানীয় পর্যায়ের সচেতন নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।” পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা। সভায় স্থানীয় শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণী-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভার দ্বিতীয় পর্বে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে আগামী মেয়াদের জন্য আমঝুপি ও আমদহ ইউনিয়নের নতুন ‘এডুকেশন ওয়াচ কমিটি’ ঘোষণা করা হয়।

আমঝুপি ইউনিয়নের সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন অধ্যাপক সাইদুর

রহমান এবং সহ-সভাপতি হিসেবে আজগর আলী ও আক্তার হোসেন। আমদহ ইউনিয়নের সভাপতি হিসেবে কাজী রুহুল আমিন এবং সহ-সভাপতি হিসেবে আনারুল ইসলাম ও ফারুক হোসেন দায়িত্ব পেয়েছেন।

নবগঠিত কমিটির নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, এই কমিটি মেহেরপুরের শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা আনা এবং শিক্ষার মান উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যকর ভূমিকা পালন করবে।